



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
অডিট ও সমন্বয় শাখা
পরিকল্পনা মন্ত্রণালয়
www.sid.gov.bd


নং-৫২.০০.০০০০.০১০.২৭.০৩২.১৬-২৭

তারিখঃ ০৩ মাঘ ১৪২৭
১৭ জানুয়ারি ২০২১

বিষয় পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (APA)-এর ইন্ডিকেটর অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা (GRS) সম্পর্কে অনুষ্ঠেয় ২য় সভার কার্যবিবরণী প্রেরণ।

উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর ইন্ডিকেটর অনুযায়ী SID এবং BBS এর সমন্বয়ে অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System-GRS) সম্পর্কে গত ১১/০১/২০২১ তারিখে অনুষ্ঠিত ২য় সভার কার্যবিবরণী প্রয়োজনীয় কার্যার্থে নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে ০১ (এক) পাতা।


মো: আনোয়ার হোসেন
সিনিয়র সহকারী সচিব
ফোন: ৫৫০০৭৩৮৫

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ০১। উপসচিব (সকল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০২। পরিচালক (প্রশাসন), এফএ এন্ড এমআইএস, বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০৩। অভিযোগ নিষ্পত্তি কর্মকর্তা (অনিক), বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০৪। উপ-পরিচালক (এসডিজি সেল), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা।
- ০৫। সহকারী সচিব (প্রশাসন-২ শাখা), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, পরিসংখ্যান ভবন, ঢাকা।

অনুলিপি:

- ০১। সচিবের একান্ত সচিব, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
- ০২। প্রোগ্রামার, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)।
- ০৩। যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়)-এর ব্যক্তিগত কর্মকর্তা, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ
পরিকল্পনা মন্ত্রণালয়
অডিট ও সমন্বয় শাখা
www.sid.gov.bd

বিষয়ঃ বার্ষিক কর্মসম্পাদন চুক্তি (Annual Performance Agreement-APA) এর ইভিক্টের অনুযায়ী অভিযোগ প্রতিকার ব্যবস্থা (Grievance Redress System-GRS) সম্পর্কে অন্তর্ভুক্ত ২য় সভার কার্যবিবরণী

সভার তারিখ	: ১১ জানুয়ারি, ২০২১ খ্রিঃ
সময়	: বিকাল ৩.০০ ঘটিকা
স্থান	: পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের সম্মেলন কক্ষ (রেক-বি)
সভাপতি	: মোছাঃ নূরজাহান খাতুন যুগ্মসচিব (বাজেট, অডিট ও সমন্বয়), পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ

সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা : পরিশিষ্ট “ক” সংযুক্ত

সভার শুরুতে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। তিনি সভার আলোচ্য বিষয়ে বিস্তারিত উপস্থাপনের জন্য সিনিয়র সহকারী সচিব (অডিট ও সমন্বয় শাখা) জনাব মোঃ আনোয়ার হোসেন-কে অনুরোধ জানান। সিনিয়র সহকারী সচিব (অডিট ও সমন্বয় শাখা) বলেন যে, APA এর ইভিক্টেরে অংশীজনদের নিয়ে এ বিষয়ে সভা করার কথা উল্লেখ রয়েছে। এরপর তিনি এ সম্পর্কে বলেন যে, পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগের ওয়েবসাইটের সেবাবক্সে GRS এর তথ্য সব সময় আপ-টু-ডেট করে রাখা হয়। সভায় বিবিএস এর যুগ্মসচিব ড. শাহাদাৎ হোসেন বলেন যে, অনেক অভিযোগ পাওয়া গেলেও GRS পদ্ধতিতে কোন অভিযোগ আসে না। তিনি আরো বলেন অভিযোগগুলো যাতে GRS পদ্ধতিতে অনলাইনে আসে সে ব্যপারে পদক্ষেপ গ্রহণ করা উচিত। বিস্তারিত আলোচনার পর নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়ঃ

সিদ্ধান্তসমূহঃ

- পরিসংখ্যান ও তথ্য ব্যবস্থাপনা বিভাগ এবং বাংলাদেশ পরিসংখ্যান ব্যুরো (বিবিএস)-এর ওয়েবসাইটে GRS সেবা বক্স নিয়মিত আপডেট করে রাখতে হবে।
- অভিযোগকারীগণ অনলাইনে GRS পদ্ধতিতে যাতে সহজেই অভিযোগ দাখিল করতে পারে সে বিষয়ে SID এবং BBS-কে কার্যকরী পদক্ষেপ গ্রহণ করতে হবে।
- অভিযোগ পাওয়া মাত্রই তাৎক্ষণিকভাবে নিষ্পত্তির ব্যবস্থা গ্রহণ করতে হবে।

অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি উপস্থিত সকলকে আন্তরিক ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোছাঃ নূরজাহান খাতুন
যুগ্মসচিব